

🗏 আস-সাফফাত | As-Saffat | الصيَّافَّات

আয়াতঃ ৩৭: ৫৪

💵 আরবি মূল আয়াত:

قَالَ هَل اَنتُم مُّطَّلِعُونَ ﴿ ٥٤ ﴾

আল্লাহ বলবেন, 'তোমরা কি উঁকি দিয়ে দেখবে?' — আল-বায়ান
আল্লাহ বলবেন- ' তোমরা কি তাকে উঁকি দিয়ে দেখতে চাও?' — তাইসিরুল
(আল্লাহ) বলবেনঃ তোমরা কি তাকে দেখতে চাও? — মুজিবুর রহমান

He will say, "Would you [care to] look?" — Sahih International

৫৪. আল্লাহ্ বলবেন, তোমরা কি তাকে দেখতে চাও?

তাফসীরে জাকারিয়া

(৫৪) (আল্লাহ) বলবেন, 'তোমরা কি তাকে উঁকি মেরে দেখতে চাও?' [1]

[1] অর্থাৎ, ঐ জান্নাতী ব্যক্তি জান্নাতের নিজ সাথীদেরকে বলবে, তোমরা কি জাহান্নামে উঁকি দিয়ে দেখবে? সম্ভবতঃ সেই লোক আমার দৃষ্টিগোচর হবে এবং আমি তোমাদেরকে বলে দেব যে, ঐ ব্যক্তি এই রকম কথাবার্তা বলত। অনেকের মতে ঐ কথার বক্তা মহান আল্লাহ অথবা ফিরিশতা।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3842

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন